

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-১৭(৩) শঃ নীঃ ও বাঃ/২০০৭/১৩০ ন

তারিখ-১৮/০৬/২০১৭ খ্রিঃ।

বিষয় : আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহ ২৩-২৫ জুন, ২০১৭ খ্রিঃ তারিখ খোলা রাখা।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দেশের আমদানি ও রপ্তানি বাণিজ্য সচল রাখার স্বার্থে আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে আগামী ২৩ জুন হতে ২৫ জুন, ২০১৭ পর্যন্ত সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহে ন্যূনতম সংখ্যক কর্মকর্তা/কর্মচারির উপস্থিতিতে আমদানি-রপ্তানি কার্যক্রম চালু থাকবে।

২। এই উদ্দেশ্যে একই সাথে এসব কাস্টম হাউস ও স্টেশন সংশ্লিষ্ট বন্দর, ব্যাংক ও অন্যান্য অত্যাাবশ্যিক স্টেকহোল্ডিং প্রতিষ্ঠানও খোলা রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

৩। কর্মকর্তা-কর্মচারি এবং স্টেকহোল্ডারদের অবহিতকরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা/পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে সকল কমিশনারকে নির্দেশনা প্রদান করা হলো। যাত্রী সেবা এবং রপ্তানির স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কমিশনারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ বিবেচ্য।

স্বাক্ষরিত/-  
তারিখ-১৮/০৬/২০১৭  
মোঃ হুৎফর রহমান  
সদস্য (কাস্টমস নীতি)  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপক :

- ১-৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/বেনাপোল মোংলা/পানগাঁ, ঢাকা।
- ৭-১৫। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/ঢাকা(উত্তর)/ঢাকা(পশ্চিম)/যশোর/কুমিল্লা/সিলেট।
- ১৬-১৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ১৮। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা ( সকল বাণিজ্যিক ব্যাংককে বিষয়টি অবহিত করার লক্ষ্যে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে সবিনয় অনুরোধ করা হলো)।
- ২। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, চেম্বার ভবন, মতিঝিল বা/এ, ঢাকা ( তাঁর ফেডারেশনভুক্ত সকল চেম্বারকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩-৫। প্রেসিডেন্ট, ফরেন চেম্বার এসোসিয়েশন ঢাকা/মেট্রোপলিটন চেম্বার এসোসিয়েশন/সিসিসিআই, চট্টগ্রাম।
- ৬। প্রেসিডেন্ট, বিজিএমইএ, বিজিএমইএ টাওয়ার, কারওয়ান বাজার, ঢাকা ( তাঁর সমিতিভুক্ত সকল প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। প্রেসিডেন্ট, বিকিএমইএ, সোনারতরী টাওয়ার, বাংলা মোটর, ঢাকা ( তাঁর সমিতিভুক্ত সকল প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।